



বিষয়: লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগের ২০২০-২১ অর্থ বছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়নের লক্ষ্যে অনুষ্ঠিত এপিএ (APA) কমিটির সভার কার্যবিবরণী।

লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগের ২০২০-২১ অর্থ বছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়নের লক্ষ্যে বিগত ১০-১১-২০২০ খ্রি: তারিখ মঙ্গলবার বেলা ১০.০০ ঘটিকায় লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগের যুগ্মসচিব ও এপিএ টিম প্রধান জনাব রফিকুল হাসানের সভাপতিত্বে তাঁর অফিসকক্ষে (কক্ষ নং ১১০৩, ১১ তলা, পরিবহন পুল ভবন, বাংলাদেশ সচিবালয়, ঢাকা) একটি সভা অনুষ্ঠিত হয়। সভায় সংশ্লিষ্ট সকল প্রতিনিধিদের উপস্থিতির তালিকা পরিশিষ্ট 'ক' তে সংযুক্ত করা হলো।

২. সভাপতি মহোদয় সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার আলোচ্যসূচী অনুযায়ী যাবতীয় বিষয়াদি উপস্থাপনের জন্য এপিএ কমিটির সদস্য সচিব জনাব সৌমেন পালিত বাবু'-কে আহ্বান জানান। এ পর্যায়ে তিনি সভাকে জানান যে, লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগের ২০২০-২১ অর্থ বছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তিতে উল্লিখিত কার্যাবলীর বাস্তবায়ন ও অগ্রগতি পর্যালোচনার জন্য এপিএ কমিটির সভা আহ্বান করা হয়েছে। উল্লেখ্য, এপিএ কমিটির বিগত সভার সিদ্ধান্তসমূহ ইতঃমধ্যে বাস্তবায়িত হয়েছে।

৩. সভায় সামগ্রিক আলোচনা এবং উপস্থিত সকলের ঐকমত্যের ভিত্তিতে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়, যথাঃ

সিদ্ধান্তসমূহঃ

- (ক) বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (APA) এর সূচক নং এম. ১ (১.২) এ শুদ্ধাচার/উত্তম চর্চার বিষয়ে অংশীজনদের সঙ্গে মতবিনিময় সভা প্রতি কোয়ার্টারে করতে হবে।
- (খ) বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (APA) এর সূচক নং এম. ১ (১.৩) এ অভিযোগ প্রতিকার ব্যবস্থা বিষয়ে সেবাগ্রহীতা/অংশীজনদের অবহিতকরণ সভা প্রতি কোয়ার্টারে করতে হবে।
- (গ) বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (APA) এর সূচক নং এম. ১ (১.৪) এ সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে সেবাগ্রহীতাদের অবহিতকরণ সভা প্রতি কোয়ার্টারে করতে হবে।

৪. সভায় আর কোন আলোচ্যসূচী না থাকায় সভাপতি মহোদয় সকলকে শুভেচ্ছা জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(মো: রফিকুল হাসান)

যুগ্ম-সচিব

এবং

টিম প্রধান

এপিএ বাস্তবায়ন পরিবীক্ষণ ও সমন্বয় কমিটি